

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.০৬.৬৭১.১১(পার্ট-৩) - ৮৯

০৬ আষাঢ় ১৪২৬।
তারিখঃ -----
২০ জুন ২০১৯।

বিজ্ঞপ্তি


এতদ্বারা বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর পরিচালিত ৭টি টেক্সটাইল ইন্সটিটিউটে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন জুট টেকনোলজি কোর্সে ভর্তি ইচ্ছুকদের এস.এস.সি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কোটা অনুসরণপূর্বক ভর্তির জন্য নির্বাচিতদের মেধা তালিকা প্রকাশ করা হলো।

ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য নির্দেশাবলি :

- ১। ভর্তির সময় এসএসসি/সমমান পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া কাউকেই ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
- ২। ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১ (এক) কপি ও সত্যায়ন বিহীন ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে এবং এসএসসি রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি সংগে আনতে হবে।
- ৩। মেধা তালিকা হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তির তারিখ ২৩/০৬/২০১৯ হতে ৩০/০৬/২০১৯ সকাল ৯:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত। আসন শূন্য থাকা সাপেক্ষে পরবর্তীতে মেধা তালিকা প্রকাশ করা হবে।
- ৪। ভর্তির জন্য ৬৫২০/- (ছয় হাজার পাঁচ শত বিশ) টাকা জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক দায়িত্ব প্রাপ্তকর্মকর্তা/রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
- ৫। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত ডাক্তার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
- ৬। ভর্তির জন্য যোগ্য প্রার্থীর তালিকা বস্ত্র অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েব সাইট গুলোতে পাওয়া যাবে। এ ছাড়া টেলিটক ভর্তির যোগ্য প্রার্থীদের নিকট SMS প্রেরণ করবে।

www.dot.gov.bd , www.titangail.gov.bd , www.dtec.edu.bd , www.nti.gov.bd

- ৭। মাইগ্রেশন হতে ইচ্ছুক প্রার্থীকে ভর্তির সময়ে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে মেধা অনুযায়ী তাদের আবেদন বিবেচনা করা হবে।
- ৮। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - (ক) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ পত্রের মূল কপি প্রদর্শন পূর্বক যে প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠানের প্রধান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
 - (খ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে : ক-এ বর্ণিত সনদপত্র ছাড়াও মুক্তিযোদ্ধা সন্তানের সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি করপোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।
 - (গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে : রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্রের মূল কপি জমা দিতে হবে। অন্যথায় ভর্তি হওয়া যাবে না।
 - (ঘ) টিভিআই কোটার ক্ষেত্রে : বস্ত্র অধিদপ্তর অধীন টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউটের সনদপত্রের মূল কপি জমা দিতে হবে। অন্যথায় ভর্তি হওয়া যাবে না।
- ৯। ভর্তির ফলাফল প্রকাশে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

চলমান পাতা-২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে।
- ২। উপসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইন্সটিটিউট নাটৈ, গৌরনদী, বরিশাল।
- ৪। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, দিনাজপুর।
- ৫। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, টাংগাইল।
- ৬। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, বায়জিদ, চট্টগ্রাম।
- ৭। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, আলম নগর (রেল স্টেশন সংলগ্ন) সদর রংপুর।
- ৮। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, নাটোর।
- ৯। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, খুলনা।


20/06/19

(মোঃ আব্দুস সালাম)
উপ-পরিচালক (এমআই)
বস্ত্র অধিদপ্তর ঢাকা
ও
সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

২০/৬/১৯